

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য মন্ত্রণালয়
প্রশাসন-২ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০
www.moi.gov.bd

নং-১৫.০০.০০০০.০১৫.১৬.০১.১৭-৪২

তারিখ : ১৯ জানুয়ারি ২০১৭

বিষয়ঃ তথ্য মন্ত্রণালয়ের ২০১৫-২০১৬ অর্থ-বছরের কার্যাবলি সম্পর্কিত বার্ষিক প্রতিবেদন।

সূত্রঃ মন্ত্রিপরিষদ বিভাগের ১২ জানুয়ারি ২০১৭ তারিখের ০৪.০০.০০০০.৩২১.১৬.২৬৬.১৬.৯৬ সংখ্যক স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মন্ত্রিসভার গত ৩১ অক্টোবর ২০১৬ তারিখে অনুষ্ঠিত বৈঠকে ৯.৫ নং সিদ্ধান্ত অনুযায়ী তথ্য মন্ত্রণালয়ের ২০১৫-২০১৬ সালের বার্ষিক প্রতিবেদন এবং উল্লেখযোগ্য অর্জনসমূহ ওয়েবসাইটে আপলোড করার পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে ২(দুই) পাতা।

 ১৯/০১/১৭

(পরিমল সরকার)

উপ-সচিব

ফোনঃ ৯৫৫০৭৮৭

E-mail-sas.admin2@moi.gov.bd

✓ সিস্টেম এনালিস্ট

তথ্য মন্ত্রণালয়

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২০১৬-১৭ অর্থ বছরে তথ্য মন্ত্রণালয়ের গুরুত্বপূর্ণ ও উল্লেখযোগ্য কার্যক্রম

- * ২৪ আগস্ট ২০১৬ খ্রি. তারিখে প্রথম বারের মত 'সাংবাদিক কল্যাণ ট্রাস্ট আইন, ২০১৬' এর আওতায় মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ১৯৬ জন দুস্থ, অস্বচ্ছল, দুর্ঘটনায় আহত ও মৃত পরিবারের সদস্যদের মাঝে ১ কোটি ৪০ লক্ষ টাকার অনুদানের চেক বিতরণ করা হয়েছে।
- * 'বিএফডিসি'র আধুনিকায়ন ও সম্প্রসারণ' শীর্ষক প্রকল্পের আওতায় ১ (এক) কোটি ৭৬ (ছিয়াত্তর) লক্ষ টাকা ব্যয়ে ডিজিটাল ক্যামেরায় ব্যবহারের জন্য জাপান হতে ৩টি জুম লেন্স সংগ্রহ করা হয়েছে।
- * মাননীয় প্রধানমন্ত্রীর দৈনন্দিন কার্যক্রম ধারণের জন্য চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক ১ (এক) কোটি ৪০ (চল্লিশ) লক্ষ টাকা ব্যয়ে জার্মান হতে আরও ১টি ডিজিটাল সিনেমাটোগ্রাফ ক্যামেরা সংগ্রহ করা হয়েছে।
- * চলচ্চিত্র অধিশাখার ৯ অক্টোবর ২০১৬ খ্রি. তারিখের ৬৪৩ সংখ্যক প্রজ্ঞাপনমূলে 'জাতীয় চলচ্চিত্র পুরস্কার-২০১৫' প্রদানের জন্য ২০১৫ সালে মুক্তিপ্রাপ্ত চলচ্চিত্রসমূহ মূল্যায়ন করে পুরস্কারপ্রাপ্তদের নাম সুপারিশ করার জন্য ১৩ সদস্য বিশিষ্ট 'জুরি বোর্ড' গঠন করা হয়েছে।
- * ১৫ আগস্ট জাতীয় শোক দিবস উদযাপন উপলক্ষে প্রেস-১ অধিশাখার ১৪ আগস্ট ২০১৬ খ্রি. তারিখের ২৭৯(৭) সংখ্যক স্মারকমূলে জাতীয়, আঞ্চলিক ও স্থানীয় ২৬২টি দৈনিক পত্রিকায় ক্রোড়পত্র প্রকাশ করা হয়েছে।
- * ২০১৬-১৭ অর্থ বছরে উন্নয়নমূলক কার্যক্রমের ওপর ১১টি প্রামাণ্যচিত্র, বিভিন্ন বিষয়ের ওপর ৬টি ডকুড্রামা, মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক গৃহীত ১০টি উদ্যোগের ব্র্যান্ডিং এর ওপর ১০টি টিভি ফিলার নির্মাণসহ তথ্য প্রযুক্তির অপপ্রয়োগ, শিশুর নিরাপত্তা, বিভিন্ন সংক্রামক রোগ প্রতিরোধ, নেশাকে না বলুন, বজ্রপাতে করণীয়, এসো শান্তির পথে (পুনর্নির্মাণ) এবং ভোক্তা অধিকারের ওপর টিভি ফিলার নির্মাণ, '৭১ এর নারী' শিরোনামে মুক্তিযুদ্ধ ভিত্তিক পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র নির্মাণ, ৩০টি সংবাদচিত্র, ১০টি বিশেষ সংবাদচিত্র নির্মাণের কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। এছাড়া, বঙ্গভবন, চামড়া শিল্প এবং মৎস শিল্পের ওপর নতুন ৩টি প্রামাণ্যচিত্র নির্মাণেরও কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে।

* এডহক প্রকাশনার আওতায় মাননীয় প্রধানমন্ত্রীর ৬০,০০০ (ষাট হাজার) অফিসিয়াল ছবি মুদ্রণসহ 'বাংলাদেশের পর্যটন আকর্ষণ (খুলনা বিভাগ)' শীর্ষক পুস্তকের ৪,০০০ (চার হাজার) কপি, 'উন্নয়নের ৭ বছর' শীর্ষক পুস্তকের ৫,০০০ (পাঁচ হাজার) কপি, 'ডিজিটাল বাংলাদেশ' শীর্ষক পুস্তকের ৫,০০০ (পাঁচ হাজার) কপি এবং 'একটি বাড়ি একটি খামার' সংক্রান্ত পুস্তিকার ৫,০০০ (পাঁচ হাজার) কপি মুদ্রণের কর্মপরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

* ২৮ সেপ্টেম্বর ২০১৬ খ্রি. তারিখে বিভিন্ন কর্মসূচির মাধ্যমে ঢাকাসহ দেশের সকল জেলায় 'আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস' গুরুত্বের সাথে পালন করা হয়েছে।

* ২০১৬-১৭ অর্থ বছরের বিগত চার মাসে তথ্য মন্ত্রণালয়স্বতন্ত্র বিভিন্ন অধিদপ্তর/সংস্থায় ৫১ জন কর্মকর্তাকে বিভিন্ন গ্রেডে পদোন্নতি প্রদান করা হয়েছে।
